# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, আবূ হুমাইদের হাদীসটি হয়তো ত্রুটিপূর্ণ

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّ خَبَرَ أَبِي حُمَيْدٍ الَّذِي ذكرناه معلول

আরবী

1863 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ شُجَاعٍ السَّكُونِيُّ قَالَ: حَدَّثَنَا أَبِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الْحُرِّ قَالَ: حَدَّثَنِي عِيسَى بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مَالِكٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ عَطَاءٍ أَحَدُ بَنِي مَالِكٍ عَنْ عَبَّاسِ بْنِ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيِّ: أَنَّهُ كَانَ فِي مَجْلِسٍ كَانَ فِيهِ أَبُوهُ ـ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَفِي الْمَجْلِسِ أَبُو هُرَيْرَةَ وَأَبُو أُسَيْدٍ وَأَبُو حُمَيْدٍ السَّاعِدِيُّ مِنَ الْأَنْصَارِ وَأَنَّهُمْ تَذَاكَرُوا الصَّلَاةَ فَقَالَ أَبُو حُمَيْدٍ: أَنَا أَعْلَمُكُمْ بِصَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا: فَأَرِنَا قَالَ: فَقَامَ يُصَلِّي وَهُمْ يَنْظُرُونَ فَبَدَأَ يُكَبِّرُ وَرَفَعَ يَدَيْهِ حِذَاءَ الْمَنْكِبَيْنِ ثُمَّ كَبَّرَ لِلرُّكُوعِ فَرَفَعَ يَدَيْهِ أَيْضًا ثُمَّ أَمْكَنَ يَدَيْهِ مِنْ رُكْبَتَيْهِ غَيْرَ مُقْنِعٍ وَلَا مُصَوِّبٍ ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ ثُمَّ رَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَسَجَدَ فَانْتَصَبَ عَلَى كَفَّيْهِ وَرُكْبَتَيْهِ وَصُدُورِ قَدَمَيْهِ وَهُوَ سَاجِدٌ ثُمَّ كَبَّرَ فَجَلَسَ وَتَوَرَّكَ إِحْدَى رِجْلَيْهِ وَنَصَبَ قَدَمَهُ الْأُخْرَى ثُمَّ كَبَّرَ فَسَجَدَ الْأُخْرَى فَكَبَّرَ فَقَامَ وَلَمْ يَتَوَرَّكْ ثُمَّ عَادَ فَرَكَعَ الرَّكْعَةَ الْأُخْرَى وَكَبَّرَ كَذَلِكَ ثُمَّ جَلَسَ بَعْدَ الرَّكْعَتَيْنِ حَتَّى إِذَا هُوَ أَرَادَ أَنْ يَنْهَضَ لِلْقِيَامِ كَبَّرَ ثُمَّ رَكَعَ الرَّكْعَتَيْنِ الْأَخِيرَتَيْنِ فَلَمَّا سلَّم سلَّم عَنْ يَمِينِهِ: سَلَامٌ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وسلَّم عَنْ شِمَالِهِ: سَلَامٌ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ.
قَالَ الْحَسَنُ بْنُ الْحُرِّ: وَحَدَّثَنِي عِيسَى أَنَّ مِمَّا حَدَّثَهُ أَيْضًا فِي الْمَجْلِسِ فِي التَّشَهُّدِ: أَنْ يَضَعَ يَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى وَيَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى فَخِذِهِ الْيُمْنَى ثُمَّ يُشِيرَ فِي الدعاء بإصبع واحدة

الراوي : عَبَّاس بْن سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1863 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((ضعيف أبي داود)) (118).
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ هَذَا الْخَبَرَ مُحَمَّدُ بْنُ عَمْرِو بْنِ عَطَاءٍ عَنْ أَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ وَسَمِعَهُ مِنْ عَبَّاسِ بْنِ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيِّ عَنْ أَبِيهِ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

১৮৬৩. আব্বাস বিন সাহল বিন সা'দ আস সা'ঈদী থেকে বর্ণিত, তিনি বর্ণনা করেন যে, তিনি একটি মাজলিসে ছিলেন যাতে তার বাবা উপস্থিত ছিলেন। তার বাবা সাহাবীদের অন্তর্ভুক্ত ছিলেন। মাজলিসে আরো উপস্থিত ছিলেন আবূ হুরাইরা, আবূ উসাইদ, আবূ হুমাইদ আস সা'ঈদী আনসারী প্রমুখ সাহাবী। তাঁরা সালাতের আলোচনা করছিলেন। তখন আবূ হুমাইদ রাদ্বিয়াল্লাহু আনহু, তিনি বলেন, "আমি আপনাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়ে সবচেয়ে বেশি অবগত।" তখন অন্যান্য সাহাবীগণ বলেন, "তবে আপনি আমাদেরকে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়) দেখিয়ে দিন।"

আব্বাস বিন সাহল বিন সা'দ আস সা'ঈদী বলেন, "অতঃপর তিনি সালাত আদায় করার জন্য দাঁড়ালেন, আর তারা তা প্রত্যক্ষ করছিলেন। তিনি তাকবীর দিয়ে শুরু করলেন এবং হাত কাঁধ বরাবর উত্তোলন করলেন। তারপর রুকূ' করার জন্য তাকবীর দিলেন এবং কাঁধ বরাবর দুই হাত উত্তোলন করলেন। তারপর তিনি হাঁটুতে দুই হাত স্থাপন করলেন, তিনি পিঠকে উঁচু করেননি, আবার নিচুও করেননি। তারপর তিনি রুকূ' থেকে মাথা উত্তোলন করেন এবং বলেন, سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ , (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে। হে আল্লাহ, আমাদের প্রভু, আর আপনার জন্য সমস্ত প্রশংসা), তারপর রফ'উল ইয়াদাইন করেন। তারপর বলেন 'আল্লাহু আকবার' এবং সাজদা করেন। তিনি সাজদা অবস্থায় দুই হাতের তালু, দুই হাঁটু ও দুই পায়ের অগ্রভাগের উপর স্থাপিত হন। তারপর তিনি তাকবীর দেন এবং বসেন কিন্তু তাওয়ার্রুক করেননি। তারপর আরেক রাকা'আত পড়ে নেন এবং অনুরূপভাবে তাকবীর দেন। তারপর দুই রাকা'আতের পর বসেন, অতঃপর যখন তিনি দাঁড়ানোর ইচ্ছা করেন, তখন তিনি তাকবীর দেন। তারপর পরের দুই রাকা'আত সালাত আদায় করেন। তারপর যখন সালাম ফেরান, তখন ডান দিকে সালাম ফেরান এই বলে, سَلَامٌ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ (আপনাদের উপর আল্লাহর রহমত ও সালাম বর্ষিত হোক) এবং বাম দিকে সালাম ফেরান এই বলে , سَلَامٌ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ (আপনাদের উপর আল্লাহর রহমত ও সালাম বর্ষিত হোক)।

হাসান বিন হুর্র বলেন, "আমাকে ইসা তাশাহ্হুদের বৈঠকের বিষয়ে হাদীস বর্ণনা করেছেন যে, বাম হাত বাম উরুর উপর আর ডান হাত ডান উরুর উপর রাখবে। তারপর দু'আ করার সময় এক আঙ্গুলের মাধ্যমে ইশারা

করবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি মুহাম্মাদ বিন আমর বিন আতা শ্রবণ করেছেন আবূ হুমাইদ সা‘ঈদী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে, তিনি হাদীসটি আব্বাস বিন সাহল বিন সা‘দ আস সা‘ঈদী থেকে, তিনি তার বাবা থেকে হাদীসটি বর্ণনা করেছেন। কাজেই হাদীসটির দুটো সানাদই সহীহ।”

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৭৩৩, ৯৬৬; সুনান বাইহাকী: ২/১০১, ১১৮; মুসনাদ আহমাদ: ৫/৪২৪; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন: ৫; আবূ দাঊদ: ৭৩০, ৯৬৩; তিরমিযী: ৩০৪; নাসাঈ: ৩/৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৫৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৫; বাইহাকী: ২/২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাঊদ: ১১৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্বাস ইবনু সাহল ইবনু সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91079

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন